# শুধু কাজ নিয়েই ভাবতে চাই: ইভানা

এই সময়ের একজন জনপ্রিয় অভিনেত্রী পারসা ইভানা। দীর্ঘ সময় ধরেই ছোটপর্দা ও ইউটিউব জয় করে আছেন তিনি। বর্তমানে এনটিভিতে প্রচার হচ্ছে তার অভিনীত ‘ঘরের শত্রু বিভীষণ’ নামে একটি ধারাবাহিক। বৈষম্যবিরোধী ছাত্রআন্দোলনের সময় দেয়াল লিখনে অংশ নিয়ে বেশ আলোচিত হয়েছিলেন এই অভিনেত্রী। আন্দোলনের বিজয়ের পরে পরিস্কার পরিচ্ছন্ন কর্মসূচিতেও অংশ নিয়েছিলেন। ১৩ নভেম্বর এই তারকার জন্মদিন। **মৌ সন্ধ্যা**র প্রতিবেদনে রঙবেরঙ এর এবারের বিশেষ আয়োজন তাকে নিয়ে।

## ঢাকার মেয়ে


পারসা ইভানা ১৩ নভেম্বর ঢাকায় জন্মগ্রহণ করেন। তার বাবা শাহজাহান খান ও মা তন্দ্রা চৌধুরী। জমজ ভাই-বোনের মধ্যে তার একমাত্র ভাইয়ের নাম ইভো। পারসা ঢাকা শহরেই বেড়ে উঠেছেন। বহু প্রতিভার অধিকারি পারসা একই সঙ্গে অভিনেত্রী, মডেল ও নৃত্যশিল্পী। গানও গাইতে পারেন তিনি। তবে অভিনয় নিয়েই অনেক দূরে এগিয়ে যাওয়ার স্বপ্ন দেখেন প্রতিনিয়ত। আর সেই পথেই হেঁটে চলেছেন নিরলসভাবে।

## নৃত্যশিল্পী থেকে অভিনেত্রী

ছোটবেলা থেকেই পড়ালেখায় বেশ ভালো ছিলেন পারসা ইভানা। আর পড়া-লেখার বাইরে তার ভালোলাগার বিষয় ছিলো নাচ ও গান। ওস্তাদের কাছে নিয়মিত নাচও শিখতেন। তার নাচের শিক্ষক ছিলেন অমিত চৌধুরী। পারসার মিডিয়াতে পথচলা শুরু হয় নাচের মাধ্যমেই। একটি প্রতিযোগিতায় সেরা নাচিয়ে হয়ে মিডিয়ায় পা রাখেন এই তারকা। ‘চ্যানেল আই সেরা নাচিয়ে ২০১৪’ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছিলেন তিনি। এরপর প্রচুর নাচের শো করেছেন। এখনো নাচ ভালোবাসাসেন। বছর দুয়েক আগে ২০২২ সালের ১৩ সেপ্টেম্বর পোল্যান্ডে ১২তম লোক উৎসবে নাচতে গিয়েছিলেন এই অভিনেত্রী। টেলিভিশন চ্যানেলের বিশেষ অনুষ্ঠানেও তার নাচ উপভোগ করেন দর্শক। নাচের মানুষ হলেও এখন পুরোদস্তুর অভিনেত্রী পারসা ইভানা।

## ‘ব্যাচেলর পয়েন্ট’ ক্যারিয়ারে বাঁক

একটু পেছনে ফিরে যাওয়া যাক। পারসা ইভানাকে বিপুল দর্শকের কাছে পৌঁছে দেওয়ার কারিগর হলেন নির্মাতা কাজল আরেফিন অমি। তার নির্মিত ধারাবাহিক ‘ব্যাচেলর পয়েন্ট সিজন ৪’ তাকে তুমুল জনপ্রিয়তা এনে দেয়। সেই সময় আরও বেশ কিছু নাটকে অভিনয়ের মধ্য দিয়েও সবার নজর কাড়েন তিনি। ‘ব্যাচেলর পয়েন্ট’র চতুর্থ সিজনে ইভা চরিত্রে মুগ্ধতা ছড়ান ইভানা। ১১৬ পর্বের এই ধারাবাহিকের ছিলো পারসার ক্যারিয়ারের নতুন বাঁক। এক সাক্ষাৎকারে এই অভিনেত্রী বলেছিলেন, “হঠাৎ করেই আমার কাছে ‘ইভা’ চরিত্রে কাজের অফার আসে। তখন আমি একেবারে সারপ্রাইজড হয়ে গিয়েছিলাম। ইভা হচ্ছে এমন ক্যারেক্টার, যেটার স্বপ্ন দেখেছিলাম আমি। যেহেতু আমি একজন নৃত্যশিল্পী, চেয়েছি আমার কাজের মাধ্যমে মানুষ জানতে পারুক আমি নৃত্য করে এসেছি। ‘ব্যাচেলর পয়েন্ট’র মাধ্যমে মানুষ জানতে পেরেছে যে আমি আসলে নৃত্যশিল্পী। এটা আমার জন্য একটা অনেক বড় পাওয়া। আমি ভালো ভালো কিছু কাজ করার চেষ্টা করছি এবং আমি নিজের সর্বোচ্চ পরিশ্রম ও মেধা দিয়ে কাজ করার ট্রাই করছি।”



এছাড়া ‘লেটস হ্যান্ড হ্যান্ড’, ‘এ ওয়াক সো’, ‘ইয়ে নয় বিয়ে’ এবং ‘বউ যদি এমন হয়’, ‘গুডবাজ’, ‘ব্যাচেলার কোরবানি’, ‘তাবিজ’, ‘স্টুপিড’, ‘টুইস্ট’, ‘মা আই মিস ইউ’, ‘ব্রাদার্স থ্রি’, ‘দুঃখিত’, ‘লাভবাজ’ এর মতো অনেক জনপ্রিয় নাটক উপহার দিয়েছেন পারসা। নতুন নতুন চমক নিয়ে প্রতিনিয়ত হাজির হচ্ছেন।

## প্রিয় বিষয়

নাচ ও অভিনয়ের বাইরে পারসা ইভানার বিশেষ যোগ্যতা তিনি গান গাইতে পারেন। তার প্রিয় সিনেমা ‘দ্য রোম’ ও ‘প্রাক্তন’। প্রিয় ব্যক্তিত্ব মাধুরী দীক্ষিত ও প্রিয়াংকা চোপড়া। প্রিয় খাবার ফাস্ট ফুড ও থাই সুপ। প্রিয় রঙ কালো ও খয়েরি। প্রিয় স্থান সুইজারল্যান্ড।

## গোয়েন্দা গল্পের নায়িকা

টিভি নাটকের সঙ্গে এখন ওটিটিতেও পুরোদমে কাজ করছেন জনপ্রিয় অভিনেতা মোশাররফ করিম। এরই মধ্যে ‘মহানগর’, ‘দৌড়’, ‘মোবারকনামা’র মতো বেশকিছু ওয়েব সিরিজে অভিনয় করে নিজের জনপ্রিয়তা বহুগুণে বাড়িয়েছেন এই অভিনেতা। এবার নন্দিত নির্মাতা সুমন আনোয়ারের ওয়েব ফিল্মে কাজ করবেন তিনি। সুমনের ‘মির্জা’ নামের নতুন একটি ওয়েব ফিল্মে গোয়েন্দা চরিত্রে দেখা যাবে মোশাররফ করিমকে। আর এই প্রজেক্টে তার বিপরীতে অভিনয় করবেন ‘ব্যাচেলর পয়েন্ট’ খ্যাত অভিনেত্রী পারসা ইভানা। এর আগে মোশাররফ করিমের সঙ্গে ‘বাপের বেটা’ নামের একটি নাটকে অভিনয় করেছিলেন তিনি।

## সামাজিক কাজে

গত আগস্ট মাসে ভিন্ন এক বাংলাদেশ দেখেছে দেশের মানুষ। রাস্তা পরিষ্কার থেকে শুরু করে ট্রাফিকের কাজ, সবটাই সামলাচ্ছিল শিক্ষার্থীরা। সেই শিক্ষার্থীদের সঙ্গে রাস্তায় নেমে স্বেচ্ছাসেবক হওয়ার আগ্রহ প্রকাশ করেছিলেন পারসা ইভানা। এক ফেসবুক পোস্টে পারসা লিখেন, ‘উত্তরায় সড়ক পরিষ্কার করার জন্য অথবা দেয়ালে রঙ করার কাজে আমি সাহায্য করতে পারি।’ সেই পোস্টের পর বেশ প্রশংসায় ভাসেন এই অভিনেত্রী। তার উদ্যোগে অংশ নেওয়ার আগ্রহ দেখে সাধুবাদ জানান তার অনুরাগীরা। পরে তাকে দেখা যায় ছাত্রদের সঙ্গে গ্রাফিতি অঙ্কন করতে। ছাত্রদের সঙ্গে তিনিও ধরেন রং তুলি।

রাজধানীর রাস্তায় এখনো দেখা মেলে বিভিন্ন লেখা ও ছবিতে রাঙানো দেয়াল। এসব দেয়াল চিত্র অঙ্কন অনেক আগে থেকেই শুরু করে ছাত্ররা। সামাজিকমাধ্যমে পারসা এই কাজে ছাত্রদের সঙ্গে শামিল হওয়ার আগ্রহ প্রকাশ করে ঘরে বসে থাকেননি। কয়েকজনকে সাথে নিয়ে রাজধানীর উত্তরায় দেয়ালে এঁকে চমকে দিয়েছিলেন শিক্ষার্থীদের।

## সামাজিকমাধ্যমে

সামাজিক যোগাযোগ মাধ্যমে বেশ সক্রিয় পারসা ইভানা। কিছুদিন আগে সোশ্যাল মিডিয়ায় এক মিনিট ১৩ সেকেন্ডের একটি ভিডিও শেয়ার করেন তিনি। যেখানে তাকে দেখা যায় খোলা চুলে সাদা প্যান্ট আর কালো টপস পরে নাচতে। সেই ভিডিওতে ভক্ত-অনুরাগীদের মনে ঝড় তুলেছেন অভিনেত্রী। ভিডিও শেয়ার করে ক্যাপশনে তিনি লিখেছিলেন, ‘সন্দেহ হলে, শুধু নাচ।’ ভিডিওটি প্রকাশের ২৩ ঘণ্টায় ২৫ লাখের মতো মানুষ দেখে সেটি। একইসঙ্গে প্রতিক্রিয়া জানান প্রায় দেড় লাখের বেশি মানুষ। যারা অধিকাংশই অভিনেত্রী নাচের প্রশংসা করেছেন। এস এ রিমন নামে এক ভক্ত কমেন্ট বক্সে লিখেছিলেন ‘আপনার অসাধারণ নাচ দেখতে খুব ভাল লাগলো, আপনার জন্য শুভ কামনা রইল। আশা করি এখাবেই অভিনয় করে যাবেন ও আমাদের সুন্দর নাচ উপহার দিবেন।’ লাবিব নামে আরেক অনুরাগীর ভাষ্য, ‘অনেক সুন্দর আমার প্রিয় নায়িকা। দেশ যখন এত দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে, তাহলে তুমি কেন পিছিয়ে থাকবে। তোমার সুন্দর নাচ।’

## ছয় বছরের রিলেশন

পারসা ইভানা এক সাক্ষাৎকারে বলেন, আমি এখন বাস্তববাদী একজন মানুষ। প্রেম-ভালোবাসা করে দেখেছি, লাভ নেই। কাজটাই আমার মূল ফোকাসের জায়গা। এই অভিনেত্রী বলেন, একসময় আমি টানা সাড়ে ছয় বছরের রিলেশনে ছিলাম। তবে সেটা তার মনে মনে। পরে ব্রেকআপ হয়েছে। এখন কোনো চাপ নেই, শুধু কাজ নিয়েই ভাবতে চাই। যদিও মনে মনে একটি সম্পর্কে আছি, তবে সেটা বলতে চাই না। যার সঙ্গে সম্পর্ক সেও জানে কি না জানি না।

